



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

০৪ মার্চ ২০২৩

বাউবিতে কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ শিক্ষার্থীদের আবাসিক গবেষণা ক্যাম্পিং অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস পরিচালিত কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের শিক্ষার্থীদের দুই দিনব্যাপি রিসার্চ রিপোর্ট রাইটিং: ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট বিষয়ে আবাসিক গবেষণা ক্যাম্পিং গাজীপুর ক্যাম্পাসে আজ ৪ মার্চ ২০২৩ শনিবার শেষ হয়েছে। এই ক্যাম্পিংয়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, গবেষণা হলো কোন বিষয় সম্পর্কে গভীরভাবে জানা এবং অজানাকে জানার চেষ্টা করা। আমাদের যে বিষয় বা সম্পর্কে জ্ঞান পরিপূর্ণ নয়, সে বিষয়ে জানতে হলে গবেষণা প্রয়োজন। সমস্যার সমাধানের উপায় হিসেবেও গবেষণা কাজ করে। গবেষণা করতে গিয়ে তথ্য উপাত্তের যে ডেটা আমরা সংগ্রহ করি সেই ডেটার কোয়ালিটি এবং ডেটার সঠিকতা খুবই গুরুত্বপূর্ণ। গবেষণার তথ্য উপাত্ত যাতে সঠিক হয় সেদিকে খেয়াল রাখার তাগিদ দেন তিনি। উপাচার্য আরও বলেন কোন বিষয়ে গবেষণা করতে হলে আপনাদেরকে প্রচুর পড়াশুনা করতে হবে এবং পারস্পরিক সহযোগিতা হাত বাড়াতে হবে। পড়াশুনা না করে গবেষণা শুরু করলে সাফল্য পাওয়া সম্ভব নয়। একই ধরনের বিষয় নিয়ে যারা গবেষণা করেছেন তাদের সাথে জ্ঞান বিনিময় করার পরামর্শ দেন। উপাচার্য এ ধরনের আবাসিক গবেষণা ক্যাম্পিং করার জন্য স্কুল অব বিজনেসকে ধন্যবাদ জানান এবং এই ক্যাম্পিং এর সাফল্য প্রত্যাশা করেন।



কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের শিক্ষার্থীদের আবাসিক গবেষণা ক্যাম্পিং অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। ক্যাম্পিং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাউবির ট্রেজারার ও স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। সভাপতির বক্তব্যে বাউবি ট্রেজারার বলেন, চতুর্থ শিল্প বিপ্লব বাস্তবায়নের জন্য গবেষণার প্রয়োজন। শিক্ষাকে এগিয়ে নিতে হলে প্রয়োজন ইডাস্টি ও একাডেমিক সমন্বয় সাধন। সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা, কর্পোরেট, ফাইন্যান্স কর্পোরেট হাউস এবং শিক্ষাপ্রতিষ্ঠানসহ নানা সংস্থার পেশাজীবীর মানুষ এই প্রোগ্রামের শিক্ষার্থী। একজন পেশাজীবীর কাজের ধরণ ও ব্যস্ততাকে বিবেচনায় নিয়ে এবং একই সাথে তার উদ্ভাবনী সত্ত্বাকে কাজের সাথে সমন্বিত করে কোর্স ডিজাইন করা হয়েছে। শিক্ষার সম্প্রসারণে দুইদিন ব্যাপি এ গবেষণা ক্যাম্পিং একটি মাইল ফলক হবে বলে উল্লেখ করেন তিনি।



স্কুল অব বিজনেস এর সহযোগী অধ্যাপক এবং প্রোগ্রাম কোর্ডিনেটর ড. মোহাম্মদ জহির রায়হান এর সঞ্চালনায় শিক্ষার্থীদের দুইদিন ব্যাপি আবাসিক গবেষণা ক্যাম্পিং এর বিভিন্ন সেশনে রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করেন অধ্যাপক ড. একরামুল হক, অধ্যাপক ড. কাজী মোহাম্মদ গালিব আহসান, অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম, অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম, সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান, সহযোগী অধ্যাপক ড. শাহীন আহমেদ, সহকারী অধ্যাপক কায়স বিন রহমান, সহকারী অধ্যাপক আসমা আক্তার শেলী, সহকারী অধ্যাপক আরিফুল ইসলাম ও প্রভাষক সিবাত মাসুদ। ঢাকা ও চট্টগ্রাম স্টাডি সেন্টারের মোট ৫১ জন কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের শিক্ষার্থী বাউবির মূল ক্যাম্পাসের গেস্ট হাউজে অবস্থান করে এ গবেষণা ক্যাম্পিংয়ে অংশ গ্রহণ করেন। ক্যাম্পিং অনুষ্ঠানে বাউবির স্কুল অব বিজনেসের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক(ভারপ্রাপ্ত)